

...

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

বস্ত্র অধিদপ্তর

বস্ত্র ও পাট মন্ত্রণালয়

বিটিএমসি ভবন (১০ম তলা) ৭-৯, কাওরান বাজার,

ঢাকা-১২১৫।



বিষয়: অভিযোগ প্রতিকার ব্যবস্থা সংক্রান্ত কর্মপরিকল্পনা ২০২১-২০২২ এর [১.৪] অভিযোগ প্রতিকার ব্যবস্থাপনা বিষয়ে  
স্টোকহোল্ডার সমন্বয়ে অবহিতকরণ সভার কার্যবিবরণী।

সভাপতি	মোঃ নূরুজ্জামান মহাপরিচালক
সভার তারিখ	১৫/১২/২০২১ খ্রি,।
সভার সময়	বেলা ০৩.৪০ ঘটিকা।
স্থান	বস্ত্র অধিদপ্তরের সভাকক্ষ ( কক্ষ নং-০৩)
উপস্থিতি	হাজিরা সংযুক্ত।

সভাপতি উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে সভার কার্যক্রম শুরু করেন। সভাপতির অনুমতিক্রমে বস্ত্র অধিদপ্তর প্রধান কার্যালয়ের অভিযোগ নিষ্পত্তি কর্মকর্তা (অনিক) জনাব মো: মাহফুজুর রহমান উপস্থিত সকলকে জানান যে, ২০২১-২০২২ অর্থ বছরের বার্ষিক কর্মসম্পাদন চুক্তির অভিযোগ প্রতিকার ব্যবস্থা সংক্রান্ত কর্মপরিকল্পনা ২০২১-২০২২ এ অভিযোগ প্রতিকার ব্যবস্থাপনা বিষয়ে স্টোকহোল্ডারগণের সমন্বয়ে অবহিতকরণ সভা আয়োজনের নির্দেশনা রয়েছে। ২০২১-২০২২ অর্থবছরের এটিই প্রথম সভা। সভাপতি অভিযোগ ব্যবস্থা সংক্রান্ত নির্দেশিকা-২০১৫ (পরিমার্জিত-২০১৮) সম্পর্কে সভায় অংশগ্রহণকারী সকলকে অবহিত করেন। অভিযোগের ভিত্তি কি, অভিযোগ কেন হয় সে বিষয়ে সভাপতি আলোকপাত করেন। সভাপতি বলেন সাধারণত নাগরিক সনদে প্রদত্ত সেবা প্রদানের ধরণ, সময় ইত্যাদির ব্যত্যয় ঘটলে অভিযোগ উত্থাপিত হয়। সভাপতি আরো বলেন যে, বস্ত্র অধিদপ্তরের নিয়ন্ত্রণাধীন কার্যালয়/প্রতিষ্ঠান সমূহে নতুন কোন অভিযোগ যেনো না আসে সে লক্ষ্যে সঠিকভাবে নাগরিক সনদে প্রদত্ত সেবা প্রদান করতে হবে। জনাব মো: মাহফুজুর রহমান জানান অভিযোগ প্রতিকার ব্যবস্থা সংক্রান্ত গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের কেন্দ্রীয় অভিযোগ প্রতিকার অনলাইন প্ল্যাটফর্ম রয়েছে ([www.grs.gov.bd](http://www.grs.gov.bd))। ইহাতে প্রতিশ্রুতি সেবা, সেবা প্রদান পদ্ধতি সম্পর্কে অসন্তোষ বা মতামত জানানো যায়। সভায় জনাব মো: আবদুল্লাহ, জুনিয়র ইন্সট্রাক্টর, টেক্সটাইল ইনস্টিটিউট, দিনাজপুর অসত্য/হয়রানিমূলক অভিযোগের বিষয়ে জানতে চাইলে জনাব মো: মাহফুজুর রহমান জানান কোন অভিযোগকারী অভ্যাসগতভাবে অসত্য এবং কাউকে হয়রানি করার জন্য অভিযোগ দাখিল করেন মর্মে প্রমানিত হলে অনিক এর সুপারিশের ভিত্তিতে সংশ্লিষ্ট আপিল কর্মকর্তা অভিযোগকারীকে কালো তালিকাভুক্ত করতে পারবেন।

#### ০২। সভার আলোচনান্তে নিম্নরূপ সিদ্ধান্ত গৃহীত হয়:


ক) ২০২১-২২ অর্থবছরের অভিযোগ প্রতিকার ব্যবস্থা কর্মপরিকল্পনা বাস্তবায়নে সকলকে সচেষ্ট থাকতে হবে।

খ) অভিযোগ দ্রুত নিষ্পত্তি করতে হবে। কোনো অভিযোগ অনিষ্পন্ন রাখা যাবে না।

গ) বস্ত্র অধিদপ্তরের আওতাধীন প্রতিষ্ঠানসমূহের সিটিজেনচার্টার নিয়মিত হালনাগাদ করতে হবে।

০৪। সভায় আর কোন আলোচনা না থাকায় সভাপতি সকলকে ধন্যবাদ জানিয়ে অবহিতকরণ সভার সমাপ্তি ঘোষণা

করেন।



মোঃ নূরুজ্জামান  
মহাপরিচালক

স্মারক নম্বর: ২৪.০২.০০০০.০০২.২৭.০০১.১৯-১৭৭১

তারিখ: ১২ পৌষ ১৪২৮  
২৭ ডিসেম্বর ২০২১

বিতরণ (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়) :

- ১) পরিচালক, পরিচালক (শিক্ষা) এর দপ্তর, বস্ত্র অধিদপ্তর
- ২) পরিচালক (অতিরিক্ত দায়িত্ব), পরিচালক (প্রশাসন ও অর্থ) এর দপ্তর, বস্ত্র অধিদপ্তর
- ৩) পরিচালক, পরিচালক (বস্ত্র) এর দপ্তর, বস্ত্র অধিদপ্তর
- ৪) উপসচিব, বাজেট অধিশাখা, বস্ত্র ও পাট মন্ত্রণালয়
- ৫) প্রধান হিসাব রক্ষণ কর্মকর্তা, সিজিএ ভবন, ঢাকা।
- ৬) অধ্যক্ষ, টেক্সটাইল ইঞ্জিনিয়ারিং কলেজ (সকল)।
- ৭) অধ্যক্ষ, টেক্সটাইল ইনস্টিটিউট (সকল)।
- ৮) উপ-পরিচালক (কারিগরি), বিভাগীয় কার্যালয় বস্ত্র অধিদপ্তর, ঢাকা
- ৯) উপ-পরিচালক (কারিগরি) (অতিরিক্ত দায়িত্ব), বিভাগীয় কার্যালয় বস্ত্র অধিদপ্তর, চট্টগ্রাম
- ১০) উপ-পরিচালক (কারিগরি), বিভাগীয় কার্যালয় বস্ত্র অধিদপ্তর, খুলনা
- ১১) উপ-পরিচালক (কারিগরি), বিভাগীয় কার্যালয় বস্ত্র অধিদপ্তর, রাজশাহী
- ১২) উপপরিচালক/উপপরিচালক সমপর্যায়ের সকল কর্মকর্তা (সকল), বস্ত্র অধিদপ্তর, প্রধান কার্যালয়, ঢাকা।
- ১৩) সহকারী পরিচালক/সহকারী পরিচালক সমপদের (সকল), বস্ত্র অধিদপ্তর, প্রধান কার্যালয়, ঢাকা।
- ১৪) সহকারী পরিচালক (অতিরিক্ত দা:), সহকারী পরিচালক (কাজেট ও হিসাব), বস্ত্র অধিদপ্তর, ঢাকা।
- ১৫) কেয়ারটেকার (অতিরিক্ত দায়িত্ব), সমন্বয়কারী, বস্ত্র অধিদপ্তর
- ১৬) লাইব্রেরিয়ান, সহকারী পরিচালক (প্রশাসন), বস্ত্র অধিদপ্তর
- ১৭) প্রশাসনিক কর্মকর্তা, বাজেট অধিশাখা, বস্ত্র ও পাট মন্ত্রণালয়

মোঃ মাহফুজুর রহমান  
উপ-পরিচালক (অতিরিক্ত দায়িত্ব)